

পল্লী উন্নয়ন একাডেমী
বগুড়া।


পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার হিসাব শাখা পরিদর্শন প্রতিবেদন।

অদ্য ০২/৫/২০১৯ তারিখ সকাল ৯-৩০ মিনিটে নৈতিকতা কমিটির সদস্য জনাব মারুফ আহমেদ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার হিসাব শাখা পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ রফিকুল ইমলাম উপস্থিত ছিলেন। পরিদর্শন অন্তে নিম্নলিখিত পর্যবেক্ষণ প্রদান করা হলোঃ

- ১। শাখার হাজিরা খাতা পরীক্ষা করে সঠিকভাবে হাজিরা পাওয়া গেল।
- ২। শাখার অফিস কক্ষসমূহের অভ্যন্তরীণ পরিষ্কার-পরিচ্ছন্নতা সন্তোষজনক।
- ৩। শাখায় কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা ছয়জন, একজন হিসাব রক্ষণ কর্মকর্তা, একজন হিসাব রক্ষক, একজন সহকারী হিসাব রক্ষক, একজন ক্যাশিয়ার, একজন কম্পিউটার মুদ্রাক্ষরিক ও একজন অফিস সহায়ক। ছয়জনকেই উপস্থিত পাওয়া গেল।
- ৪। শাখার কাজের ভলিউম এবং কর্মরত জনবলের কর্মবন্টন ও দায়িত্বের বিষয়ে হিসাব রক্ষণ কর্মকর্তার সাথে আলোচনা করা হলো। আলোচনায় জানা যায় কাজের ভলিউম এর তুলনায় জনবলের স্বল্পতা রয়েছে। জনবলের স্বল্পতার কারণে সুষ্ঠুভাবে কার্য সম্পাদনে এবং পেনশনভোগীদের যথাসময়ে ভাতাদি প্রদানে সমস্যা হচ্ছে।
- ৫। শাখার ৪র্থ শ্রেণীর কর্মচারীকে লিভারিজ পরিধান অবস্থায় পাওয়া গেল যা সন্তোষজনক।

পরামর্শঃ

- ১। বর্তমান কাজের গতিশীলতা বজায় রাখা ও সেবাপ্রদান সহজীকরণের লক্ষ্যে ইনোভেশন কর্মকান্ড জোরদার করার পরামর্শ দেয়া হলো।
- ২। শাখায় ব্যবহৃত সকল নথি ও রেকর্ডপত্রাদির শ্রেণি বিন্যাস করার পরামর্শ দেয়া হলো।
- ৩। কাজের অনুকূল পরিবেশ বজায় রাখার লক্ষ্যে রেকর্ডপত্রাদি/নথিপত্র গুরুত্ব সহকারে ও সুশৃঙ্খলভাবে সংরক্ষণ করার পরামর্শ দেয়া হলো।


(মারুফ আহমেদ)
সহকারী পরিচালক
পল্লী উন্নয়ন একাডেমী
বগুড়া।

মারুফ আহমেদ
সহকারী পরিচালক
পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া
হালী সড়ক, পল্লী উন্নয়ন ও শ্রমিক সংগঠন